

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ২০, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড
[কাস্টমস]

প্রজ্ঞাপন

তারিখ : ০৩ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ/১৫ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

এস.আর.ও নং ৫৮-আইন/২০১৮/৮৩/কাস্টমস।—Customs Act, 1969 (Act No IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 219 এর sub-section (1), উক্ত Act এর section 13 ও Chapter XI এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৩ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড বাংলাদেশ হাই-টেক পার্ক ওয়্যারহাউসিং স্টেশন (Warehousing station) বিধিমালা, ২০১৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

- (ক) প্রস্তাবনার “section 13 এবং Chapter XI এর সাথে পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে” শব্দগুলি, সংখ্যাগুলি ও কমাগুলির পরিবর্তে “উক্ত Act এর section 13 ও Chapter XI এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৩ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড” শব্দগুলি, সংখ্যাগুলি, কমাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(২১০৩)

মূল্য : টাকা ৪.০০

(খ) বিধি ৪ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৪ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"৪। হাই-টেক পার্কের শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বহিঃবাংলাদেশ হইতে বন্ড সুবিধায় আমদানিকৃত অথবা বাংলাদেশের অভ্যন্তর হইতে বন্ড সুবিধায় সংগৃহীত কাঁচামাল ব্যবহারপূর্বক উৎপাদিত পণ্য দেশের অভ্যন্তরে ভোগের (Home Consumption) জন্য বিক্রয় বা হস্তান্তরের পূর্বে উক্ত—

(ক) কাঁচামালের উপর প্রযোজ্য শুল্ক-কর ^{৫০% রেফার্ড হইবে} পরিশোধ করিতে হইবে; এবং

(খ) কাঁচামাল দ্বারা উৎপাদিত পণ্য স্থানীয় বাজারে বিক্রয় বা হস্তান্তরের ক্ষেত্রে উক্ত উৎপাদিত পণ্যের সরবরাহের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর ধার্য ও প্রদেয় হইবে: ^{৫০%}

^{৫০% রেফার্ড হইবে}

তবে শর্ত থাকে যে, শতভাগ রপ্তানিমুখী শিল্প ইউনিট জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত পরিমাণের অতিরিক্ত উৎপাদিত পণ্য দেশের অভ্যন্তরে ভোগের জন্য বিক্রয় বা হস্তান্তর করিতে পারিবে না।"

২। এই প্রজ্ঞাপনের—

(ক) দফা ১ এর উপ-দফা (ক) এর বিধান ১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) দফা ১ এর উপ-দফা (খ) এর বিধান অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
চেয়ারম্যান।